# তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী বারটানের যাবতীয় তথ্যের ক্যাটগরি ও ক্যাটলগ

## এক নজরে বারটান

খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি সৃজন, পুষ্টিহীনতা দূরীকরণ, বেকার সমস্যা সমাধান ও স্বকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনে শক্তিশালী ভূমিকা রাখার লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)।

জাতীয় অধ্যাপক মরহুম ডাঃ মোঃ ইব্রাহিম জনগণের পুষ্টির অবস্থা উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনের লক্ষ্যে ১৯৬৮ সনে ঢাকার অদূরে ডেমরা থানার জুরাইনে ''ফলিত পুষ্টি প্রকল্প" নামে একটি প্রকল্প শুরু করেন। ফলিত পুষ্টি প্রকল্পের আশানুরূপ ফলাফলের ভিত্তিতে ১৯৭৯ সনে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির ১৫৪তম কাউন্সিল মিটিং-এ ''ফলিত পুষ্টি' প্রকল্পটির নাম পরিবর্তন করে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান-BIRTAN) করা হয়। কৃষি মন্ত্রণালয় ১৯৮০ সালে এ প্রকল্পের দায়িত্ব গ্রহণ করে। ১৯৯৩ সালে Bangladesh Agriculture Research Council (BARC) এ প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত হয়। ফলিত পুষ্টি বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণের আঞ্চলিক এবং বৈশ্বিক পীঠস্থান (Center of Excellence) হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহান জাতীয় সংসদে 'বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) আইন-২০১২' পাশ হয়। ১৯ জুন, ২০১২ তারিখে ২০১২ সালের ১৮ নং আইন হিসেবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। বারটান-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১১ জুলাই ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় মেঘনা নদীর তীরে ১০০ একর জায়গায় নির্মিত হচ্ছে বারটান-এর প্রধান কার্যালয়। এখানে আন্তর্জাতিক মানের ফলিত পুষ্টি গবেষণাগারসহ, প্রশিক্ষণ ভবন, ডরমিটরি, অফিস ভবন, গবেষণার জন্য ফার্ম শেড, পুকুর, স্কুল ও কলেজ ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া বরিশাল, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা, নোয়াখালী (সুবর্ণচর) এবং রংপুরে (পীরগঞ্জ) গবেষণা ও প্রশিক্ষণের সুবিধা সংবলিত ০৭টি আঞ্চলিক কার্যালয় নির্মাণ করা হয়েছে।

ভিশন

জনগণের পুষ্টিস্তর উন্নয়ন।

মিশন

খাদ্য ও পুষ্টি সম্পর্কিত গবেষণা, প্রশিক্ষণ ও ওয়ার্কশপ বাস্তবায়ন এবং গণমাধ্যমে সম্প্রচারের মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে অবদান রাখা।

বারটান এর উদ্দেশ্য

খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) সম্পর্কিত গবেষণা;

প্রান্তিক ও পিছিয়ে পড়া জনগোষ্ঠিকে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষণ;

পুষ্টি সম্পর্কিত তথ্য প্রচার ও প্রচারণা।

**তথ্যের শ্রেণি: ক**

| ক্রমিক নং | |
|---|---|
| ১. | বারটানের সাংগঠনিক কাঠামো অনুমোদন/অন্তর্ভুক্তকরণ/ বিলুপ্তকরণ সংক্রান্ত |
| ২. | বারটানের প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তর/পদসৃষ্টি/সংরক্ষণ/ আত্তীকরণ/উদ্বৃত্ত ঘোষণা সংক্রান্ত নথি |
| ৩. | বারটানের টিওএন্ডই |
| ৪. | বারটানের স্থাবর, অস্থাবর সম্পত্তির বিবরণী |
| ৫. | জাতীয় সংসদে বারটান বিষয়ক প্রশ্নোত্তর/ মুলতবি প্রস্তাব/ সংসদ বিষয়ক অন্যান্য কার্যক্রম বিষয়ক তথ্যাদি |
| ৬. | কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি/মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা/সচিব কমিটি/মন্ত্রী পরিষদ সচিব/ মন্ত্রিসভা সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি |
| ৭. | বারটান আইন সংক্রান্ত |
| ৮. | বারটান-এর চাকুরির প্রবিধানমালা সংক্রান্ত |
| ৯. | বারটানের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত |
| ১০ | বারটানের জমি সংক্রান্ত মামলা পরিচালনা /আইনগত কার্যক্রম ইত্যাদি |
| ১১ | কর্মচারীদের ব্যক্তিগত নথি |
| ১২ | বারটান পরিচালনা বোর্ড সভা সংক্রান্ত |
| ১৩ | গুরুত্বপূর্ণ মামলার তথ্যাদি |
| ১৪ | শৃঙ্খলা/অভিযোগ গ্রহণ ও প্রতিকার/তদন্ত/আপিল/রিভিউ ইত্যাদি কার্যক্রম সংক্রান্ত |
| ১৫ | গবেষণা অনুমোদন, বাস্তবায়ন, পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য |

**তথ্যের ধরন খ**

| | |
|---|---|
| ১. | বারটানের কর্মচারীদের সার্ভিস রেকর্ড |
| ২. | রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন/ অনুমোদন/বাস্তবায়ন |
| ৩. | বারটানের বাজেট সংক্রান্ত তথ্যাদি |
| ৪. | বারটানের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ৫. | বারটানের জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ৬. | বারটানের ইনোভেশন কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ৭. | বারটানের এসডিজি কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ৮. | বারটানের জিআরএস কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ৯. | বারটানের  তথ্য অধিকার কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত |
| ১০. | বারটানের  সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত তথ্যাদি |
| ১১. | বারটান সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্বাহী অফিস আদেশ সমূহ |
| ১২. | বারটানের কর্মচারীদের পেনশন সংক্রান্ত |
| ১৩. | নির্বাহী পরিচালকের বিবেচনায় অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের উপর পত্রালাপ |

**তথ্যের শ্রেণি গ**

| ক্রমিক নং | নথির নাম |
|---|---|
| ১. | বারটান কর্তৃক অংশগ্রহণকৃত মেলা ও প্রশিক্ষণ সংক্রান্ত |
| ২. | বারটানের ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি |
| ৩. | প্রতিষ্ঠানের কার্যক্রমের মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক প্রতিবেদন প্রেরণ/সংরক্ষণ/সংগ্রহ সংক্রান্ত |
| ৪. | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত পত্র/আইন/ বিধি/ নীতি/সার্কুলার ইত্যাদির উপর ব্যবস্থা গ্রহণ/ মতামত প্রেরণ |
| ৫. | অস্থায়ী পদ সৃজন সংক্রান্ত তথ্যাদি |
| ৬. | বদলি সংক্রান্ত তথ্যাদি |
| ৭. | বিভিন্ন কমিটি সংক্রান্ত তথ্যাদি |
| ৮. | শিক্ষাবৃত্তি/শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা সংক্রান্ত নথি। |
| ৯. | অফিসবিল্ডিং/ডরমেটরি/প্রশিক্ষণসেন্টার/ইত্যাদি ভৌত সুবিধা/সংস্কার/মেরামত/সংগ্রহ সংক্রান্ত |
| ১০. | বার্ষিক প্রতিবেদন, ষান্মাষিক ও মাসিক নিউজলেটার সংক্রান্ত তথ্যাদি |
| ১১. | গবেষণা প্রস্তাব সংক্রান্ত |